



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

(প্রেস বিজ্ঞপ্তি)

তারিখ: ২৩ অক্টোবর ২০২৪খ্রি.

চসিক জেনারেল হাসপাতালে এইচপিভি টিকা ক্যাম্পেইন উপলক্ষে সংবাদ সম্মেলন

কিশোরী ও মাতৃমৃত্যু হার কমানোর লক্ষ্যে ৫ম থেকে ৯ম শ্রেণিতে অধ্যয়রত ছাত্রীদের ও ১০-১৪ বছরের কিশোরীদের জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে মাসব্যাপী এইচপিভি প্রথম ডোজের টিকা কার্যক্রম আগামীকাল বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। এ উপলক্ষে বুধবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এইচপিভি টিকা প্রদান এবং কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ ইমাম হোসেন রানা, সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ তপন কুমার চক্রবর্তী, বিশ্ব স্বাস্থ্য সংস্থার কো-অর্ডিনেটর ডা. মো. সরওয়ার আলম, ইউনিসেফ কনসালটেন্ট ডা. প্রসন্ন রায়।

বক্তাগত বলেন, নগরীতে আগামীকাল ২৪ অক্টোবর হতে মাসব্যাপী জরায়ুমুখ ক্যান্সার এইচপিভি প্রথম ডোজের টিকা কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এর আওতায় নগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৫ম থেকে ৯ম শ্রেণি পড়ুয়া ছাত্রীদের ১০দিনব্যাপী এই টিকা দেয়া হবে এবং পরবর্তীতে মহানগরীর ৪১টি ওয়ার্ডে স্থায়ী ও অস্থায়ী টিকাদান কেন্দ্রে ৮দিন ১০ থেকে ১৪ বছর বয়সী বিদ্যালয় বর্হি:ভূত কিশোরীদের টিকা প্রদান করা হবে। জরায়ু মুখ ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকার একটি ডোজই যথেষ্ট। এই টিকা বিশ্বব্যাপী পরীক্ষিত নিরাপদ ও কার্যকর। এবছর সরকারি উদ্যোগে বিনামূল্যে এই টিকা প্রদান করা হবে। বক্তাগণ রাজনৈতিক, সামাজিক, পেশাজীবী, ক্লাব সংগঠন ও মসজিদের ইমাম এবং মন্দিরের পুরোহিতদের এইচপিভি টিকার গুরুত্ব তুলে ধরার আহ্বান জানান। উল্লেখ্য আগামীকাল সকাল ১০টায় ডা.খাস্তগীর বালিকা উচ্চ বিদ্যালয়ে এ কার্যক্রমের উদ্বোধন করা হবে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮